রমজানে গ্যাস

(শেষ পৃষ্ঠার পর) দোকান বন্ধ, মার্কেটে আলোকসজ্জা না করার নির্দেশনা দেওয়া হবে। এছাড়া জোনভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ কার্যক্রম মনিটরিংয়ের জন্য টিম গঠন, গ্রিড সাবস্টেশন এবং কন্ট্রোল রুমগুলোয় পিক আওয়ারে সিনিয়র প্রকৌশলীদের দায়িত্বে রাখা, কোনো ট্রান্সফরমার নষ্ট হলে দ্রুত প্রতিস্থাপনকরাসহ প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হবে। এছাড়া রমজানে ইফতার তারাবি ও সেহরির সময় এসির ব্যবহার সীমিত করাসহ বিদ্যুৎ সাশ্রয়ে জনগনের সচেতনতা বাড়াতে গণমাধ্যমগুলোয় প্রচার প্রসারনা চালানো হবে।

পিডিবি সূত্রে জানা যায়, এ বছর রমজানে সাড়ে আট হাজার মেগাওয়াট বিদ্যুৎ চাহিদা নির্ধারণ করা হয়েছে। তবে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ বিভাগের বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা থাকলে গ্যাস সংকটের কারণে পূর্ণ ক্ষমতায় উৎপাদন নিয়ে অনিশ্চয়তা রয়েছে। একই সঙ্গে বিতরণ ত্রুটির কারণে সব এলাকা চাহিদার পুরো বিদ্যুৎ গ্রহণে সক্ষম নয়।

পাল্টা হামলা ঠেকাতে ভারতের উচ্চ সতর্কতা

(শেষ পৃষ্ঠার পর) না হলেও দাবি করা হয়েছে, তাদের গায়ে আঁচড়ও পড়েনি। উল্টো ভারতীয় সেনারাই তাড়া খেয়ে পালিয়েছে। নিজেদের মনোবল চাঙ্গা রাখতে যে দাবি স্বাভাবিক বলেই মনে করছেন সেনাকর্তারা।

মিয়ানমার দাবি করেছে, তাদের মাটিতে ভারত কোনও অভিযান চালায়নি। প্রেসিডেন্টের দপ্তরের ডিরেক্টর জ তে গতকাল ফেসবুকে লিখেছেন, 'ওই এলাকায় থাকা ব্যাটালিয়ন সূত্রে আমরা জেনেছি, ভারত সীমান্ত লাগোয়া এলাকায় নিজেদের ভূখণ্ডেই সেনা অভিযান চালিয়েছে।' সেনাকর্তারা এর মধ্যেও অস্বাভাবিক কিছু দেখছেন না। কারণ নিজের দেশে অন্য দেশ সেনা অভিযান চালালে মুখ পোড়ে বৈকি!

কিন্তু এমন বিরল অভিযানের সিদ্ধান্ত কেন নিল নয়াদিল্লি? প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, মিয়ানমারে সেনা অভিযানের পটভূমিতে আছে উত্তর-পূর্ব ভারতে একের পর এক জঙ্গি হানার ঘটনা। যার জেরে মে মাসে নাগাল্যান্ডে মৃত্যু হয়েছে আসাম রাইফেলসের ৮ জওয়ানের। অরুণাচল প্রদেশের ছিন এলাকায়ও বিস্ফোরণ ঘটিয়েছে জঙ্গিরা। কেন্দ্রীয় গোয়েন্দা সূত্র বলছে, উত্তর পূর্বাঞ্চলের বেশ কিছু জঙ্গি সংগঠন একত্রিত হচ্ছে। এই ছাতার তলায় রয়েছে এনএসসিএন-খাপলাং গোষ্ঠী। দ্বিতীয় গোষ্ঠীটি হলো শোন বিজিত বড়ো গোষ্ঠী। ন্যাশনাল কাউন্সিল অব বড়োল্যান্ডের অধীনে ছিল এই গোষ্ঠী। কোন্দলের জেরে শোন বিজিত গোষ্ঠী কাউন্সিল থেকে বেরিয়ে এসেছে। এখন তারা খাপলাংদের সঙ্গে এক ছাতার তলায় এসেছে।

কেন্দ্রীয় গোয়েন্দাদের সন্দেহ, চিনা সেনার একাংশ এই জঙ্গি গোষ্ঠীগুলোকে সংগঠিত করতে সাহায্য করছে। যদিও এই অভিযোগ 'অসম্ভব এবং অবাস্তব' আখ্যা দিয়ে অস্বীকার করেছে চিন। উত্তর-পূর্বে ক্রমবর্ধমান জঙ্গি তৎপরতা দেখে গত মাসেই মোদি সিদ্ধান্ত নেন, মিয়ানমারের ঘাঁটিগুলো নির্মূল করতে হবে।

৪ জুন ভোভাল মণিপুর গিয়ে রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন। মিয়ানমারের সঙ্গে যোগাযোগের প্রক্রিয়া অবশ্য শুরু হয়ে গিয়েছিল তার আগেই। সম্প্রতি সে দেশে গিয়েছিলেন ভারতের পররাষ্ট্র সচিব জয়শঙ্কর। সেখানে মিয়ানমারের সেনাকর্তাদের সঙ্গে বৈঠক করেন তিনি। আন্তঃসীমান্ত অপরাধ, সন্ত্রাস ও মাদক পাচার-চোরাচালান নিয়ন্ত্রণে ভারত-মিয়ানমার চুক্তি হয়েছিল ২০১০ সালের জুলাইয়ে। সেই চুক্তির সূত্র ধরেই জয়শঙ্কর অভিযানের ব্যাপারে আলোচনা করেন মিয়ানমারের সেনাকর্তাদের সঙ্গে। মিয়ানমার সরকার জানিয়ে দেয়, সেনা অভিযানের সময় তারা চুপ থাকবে। বরং পরিকাঠামোগত সব রকম সাহায্য করবে। সেনা অভিযানের ক্ষেত্রে এই সাহায্য খুবই গুরুত্বপূর্ণ।

অন্তর্ভুক্ত নতুন ভোটার

(শেষ পৃষ্ঠার পর) এনআইডি দেওয়ার বিষয়ে এখনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

ইসি সূত্রে জানা গেছে, নতুন ভোটারদের এনআইডির বিষয়ে সিদ্ধান্তে পৌঁছার আগেই আবারও তালিকা হালনাগাদের উদ্যোগে নির্বাচন কমিশনারদের মধ্যে বিভক্তি দেখা দিয়েছে। ১৮ বছরের নিচের নাগরিকদের তথ্য সংগ্রহ না করার পক্ষে মতামত দিয়েছেন ইই নির্বাচন কমিশনার। ফলে পূর্বপরিকল্পনা অনুযায়ী পরবর্তী হালনাগাদ ঈদের পর হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে যেতে পারে। এ অবস্থায় নতুন ভোটারদের এনআইডি বিতরণে অনিশ্চয়তা দেখা দিতে পারে। প্রসঙ্গত, ২০১৪ সালের ১৫ মে থেকে সারা দেশে ভোটার তালিকা হালনাগাদ করে নির্বাচন কমিশন, যা শেষ হয় ১৫ নভেম্বর। এ সময় তালিকায় ৪৬ লাখ ৯৫ হাজার ৬৫০ জন নতুন ভোটার অন্তর্ভুক্ত করা হয়। এদের মধ্যে পুরুষ ভোটার ২৬ লাখ ২৯ হাজার ৫০৬ এবং নারী ভোটার ২০ লাখ ৬৬ হাজার ৪৪ জন। বর্তমানে দেশে ৯ কোটি ৬২ লাখ ভোটার রয়েছেন।

রাজধানীতে দুর্বৃত্তের

(শেষ পৃষ্ঠার পর) হোসেন জানান, বুধবার রাত ১২টার দিকে জাহিদুল তার ওষুধের দোকানে বসে ছিলেন। এ সময় ৪-৫ যুবক দোকানের সামনে এসে দাঁড়ায়। কিছু বুঝে ওঠার আগেই আকস্মিকভাবে দুর্বৃত্তদের একজন জাহিদুলের মাথায় পিস্তল ঠেকিয়ে গুলি করে পালিয়ে যায়। আশঙ্কাজনক অবস্থায় তাকে প্রথমে মিরপুরের একটি প্রাইভেট ক্লিনিকে ও পরে ঢামেক হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত ২টার দিকে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। জাহিদুলকে কী কারণে হত্যা করা হয়েছে, সে বিষয়ে ধারণা দিতে পারেননি রুবেল হোসেন। পল্লবী থানার ওসি মো. দাদন ফকির জানান, এ ঘটনায় এখনো কাউকে গ্রেপ্তার করা যায়নি। তবে হত্যাকাণ্ডের বিষয়ে কিছু ক্লু পাওয়া গেছে। জাহিদুল ইসলাম নিরীহ প্রকৃতির। ধারণা করা হচ্ছে, তার বাবার জমিজমা বিক্রি সংক্রান্ত বিষয়ে বিরোধের জেরে ভাড়াটে লোকজন দিয়ে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে দুর্বৃত্তরা। দ্রুত ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করা যাবে বলেও জানান তিনি।

নিহত আরও ১২

সামসুল বেপারীর ছেলে।
ইউনিয়নের টেংরাকান্দি গ্রামে ভোরে নামে এক কিশোরের মৃত্যু হয়। মিলন

য়নের পরাতকান্দি গ্রামের চুন্টা হাওরে ত সোলেমান আলী নামে এক ব্যক্তির ন গুরুতর আহত হন। সোলেমান আলী

ভোরে ঘরের চালে বজ্রপাতে ছাব্বির পজেলার ভাদুরীচর গ্রামের মোতাহের ক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র।
য় সকালে বজ্রপাতে হানিফ তালুকদার ক্ষার্থী আহত হয়।
কায় সকালে বৃষ্টিপাতের মধ্যে নদীতে নামে এক জেলে নিহত হন। মানিক ফত চন্দ্র দাসের ছেলে।
নের টাঙ্গারিয়াপাড়া গ্রামে দুপুরে ক্ষেত নামে এক কৃষক নিহত হন এবং তার

বলদিয়ারা গ্রামে বৃষ্টিপাতের সময় ত্য হয় ও তিনজন আহত হন।
ক যাওয়ার সময় বজ্রপাতে আমিনুল আহত হন।

ময়াদ বাতিল করল

বাড়ানোর প্রস্তাব অনুমোদন না করার রের আগে বাংলাফোনের এ সেবার লিকমিউনিকেশন ট্রান্সমিশন নেটওয়ার্ক থেকে সেবা গ্রহণ নিশ্চিত করতে হবে। হয় চিঠিতে। ডাক ও টেলিযোগাযোগ বাংলাফোনের বিরুদ্ধে এ ব্যবস্থা গ্রহণ

ইনের ধারা ৪০ অনুযায়ী বিটিআরসির যোগ সেবা দিতে পারে না। সরকারের মতি দিতে পারে কমিশন। এনটিটিএন শে ফাইবার অপটিক নেটওয়ার্ক তৈরি টএন লাইসেন্স নেওয়া প্রয়োজন। তবে ারমিটের মাধ্যমে কয়েক বছর ধরেই

মফস্বল বিনামূল্যে প্রশিক্ষণের সুযোগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
টেকনিক্যাল মোড়, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬।

স্কিলস ডেভেলপমেন্ট ফো-অর্ডিনেশন এন্ড মনিটরিং ইউনিট (SDCMU), SEIP
এর সহায়তায় ৬ মাস মেয়াদী কোর্সে শুধুমাত্র মহিলাদের ভর্তি চলছে ঃ

১. ওয়েব ডিজাইন
২. গ্রাফিক্স ডিজাইন
৩. সুইং মেশিন অপারেটর
৪. মিড-লেভেল সুপারভাইজার

ঃ প্রয়োজনীয় তথ্য সমূহ ঃ

- ভর্তি ফরম বিতরণ ও জমা নেওয়ার সময় ঃ ০১/০৬/২০১৫ - ২৪/০৬/২০১৫ইং
- ভর্তি পরীক্ষা ঃ ২৫/০৬/২০১৫ইং (সময় -সকাল ১০.০০ ঘটিকা) | ক্লাস শুরুঃ ০১/০৭/২০১৫ইং
- ফলাফল প্রকাশ ঃ ২৭/০৬/২০১৫ইং | ভর্তির সময় ঃ ২৭/০৬/২০১৫ - ৩০/০৬/২০১৫ইং

বিস্তারিত তথ্য জানতে - ০১৫৩৬২৬২৮০৭, ০১৭০৯২৭২১৯৩

বি-১২৭৪/০৬/১৫ (১২০)

"ইত্তেফাক সংবাদ" - ১২ জুন ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

স্মারক নং- এলজিইডি/উপশ্রী/মৌল/২০১৫/২৬৫ তারিখ : ০৯/০৬/২০১৫ ইং

সীমিত দরপত্র বিজ্ঞপ্তি নং ০২/২০১৪-২০১৫

এতদ্বারা ২০১৪-২০১৫ইং অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় ০৬টি প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য এলজিইডি'র তালিকাভুক্ত ঠিকাদারগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

	খাত	বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)